

প্রথম আলো

ঢাকা, ২১ আগস্ট ২০১১, ৬ ভাদ্র ১৪১৮, ২০ রমজান ১৪৩২

রোববার

হিংগরি পাড়ায় ভাসা ফাউন্ডেশনের টিএসডি প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধন

বেসরকারী ও স্বৈচ্ছাসেবী উন্নয়নমূলক এবং অলাভজনক সংস্থা ভাসা ফাউন্ডেশনের অর্থায়নে ও পরিচালনায় গত আগস্ট ১০, ২০১১ইং রোজ শনিবার সীতাকুন্ড থানায় ৭নং কুমিরা ইউনিয়ন পরিষদে হিংগরি পাড়ায় টিএসডি প্রকল্পের আওতায় সেলাই, ব্লক, বাটিক, গার্মেন্টস ও এমব্রয়ডারি প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন ৭নং কুমিরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব জসীম উদ্দিন আহমেদ চৌধুরী। সভাপতিত্ব করেন সংস্থার নির্বাহী পরিচালক জনাব পরিমল কান্তি পাল। এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন প্রকল্প পরামর্শক জনাব প্রকৌশলী প্রিয়তোষ নন্দী, মহিলা মেম্বর জনাবা মাস্তুর রহিমা বেগম ও ফাতেমা বেগম, জনাব রাজ চৌধুরী প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত বক্তারা বলেন, আত্মকর্ম-সংস্থান, কর্মদক্ষতা ও যাবলঘী হওয়ার জন্য প্রশিক্ষণের বিকল্প নেই। উল্লেখ্য, ভাসা ফাউন্ডেশন 'TSD বা Training for skill Development' প্রকল্প হাতে নিরে ৯৬০০ জন উপকার ভোগীদেরকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা নির্ধারিত হয় এরই ধারাবাহিকতায় হিংগরি পাড়ায় প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ উদ্বোধন করা হয়। ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ এলাকায় প্রশিক্ষণ কর্মসূচি শুরু করার জন্য ভাসা ফাউন্ডেশন কর্তৃপক্ষকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।